দৈনিক সংবাদ

তারিখ 25 JAN 1993
পৃষ্ঠা ৫ কলাম ২

# মুন্সীগঞ্জে ৪৬ হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

মুন্সীগঞ্জ, ২৪শে জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।– জেলার ৬টি থানার ব্যাপক সংখ্যক শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে।

জেলার প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর সংখ্যা ২ লাখ ১৫ হাজার ২শ' ৫৮ জন। এর মধ্যে বিদ্যালয়ে ভর্তিকৃত ছাত্রছাত্রীর সংখ্যা ১ লাখ ৬৯ হাজার ২শ' ৭ জন এবং বিদ্যালয় বহির্ভূত শিশুর সংখ্যা ৪৬ হাজার ৫১ জন।

মুন্সীগঞ্জ সদর থানা বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইনের আওতায় আনা হলেও জেলা শিক্ষা অফিস সূত্রে পাওয়া তথ্য অনুযায়ী এখানে এ কর্মসূচীর হাল অত্যন্ত করুণ। এ থানায় বিদ্যালয় গমনোপযোগী শিশুর সংখ্যা ৪৭ হাজার ৪শ' ৭৫ জন। এর মধ্যে বিদ্যালয়ে ভর্তি হওয়ার সুযোগ পেয়েছে ৩৯ হাজার ৭শ' ৯৯ জন। শিক্ষা থেকে বঞ্চিত শিশুর সংখ্যা ৭ হাজার ৬শ' ৭৬ জন।

গজারিয়ায় ২৫ হাজার ৬শ' ৫ জনের মধ্যে স্কুলে ভর্তি হয়েছে ১৮ হাজার ৭শ' ৮৭ জন। বঞ্চিত শিশুর সংখ্যা ৬ হাজার ৮শ' ১৮ জন।

টঙ্গীবাড়ীতে ৪৩ হাজার ৮শ' ৯২ জন শিশুর মধ্যে স্কুলে ভর্তি আছে ২৯ হাজার ৬শ' ৬৩ জন। বাকি ১৪ হাজার ২শ' ২৯ জন শিশু শিক্ষার সুযোগ পায় না।

সিরাজদিখানে ৩৬ হাজার ৬শ' ৮৬ জন শিশুর মধ্যে স্কুলে ভর্তির সুযোগ পেয়েছে ২৯ হাজার ৫শ' ৫৪ জন। বাকি ৭ হাজার ১শ' ৩২ জন শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত।

শ্রীনগরে ৩৪ হাজার ৬শ' ৫৫ জন শিশুর মধ্যে বিদ্যালয়ে ভর্তি হয়েছে ২৭ হাজার ৪শ' ৭৮ জন। বাকি ৭ হাজার ১শ' ৭৭ জন শিশু শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত।

লৌহজং-এ ২৬ হাজার ৯শ' ৪৫ জন শিশুর মধ্যে ২৩ হাজার ৯শ' ২৬ জন শিশু স্কুলে ভর্তি হয়েছে। বাকি ৩ হাজার ১৯ জন শিশু স্কুলে যাবার সুযোগ পায় না।

প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হওয়ার পর ঝরে পড়া শিশুর সংখ্যা মুন্সীগঞ্জ সদর থানায় সবচেয়ে বেশি, শতকরা ২০ ভাগ।

স্কুলসমূহে শিক্ষা উপকরণের মূল্য বৃদ্ধি, শিক্ষা বিভাগের উদ্যোগের অভাব ও শিশুশ্রমই প্রাথমিক শিক্ষার অন্তরায় বলে জানা গেছে।